

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd


স্মারক নংঃ ৩৪.০১.০০০০.০৩৮.০৩৭.২০১৬- ২৫০

তারিখঃ ০৬ পৌষ, ১৪২৩বং
২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আগামী ৯, ১০, ১১ জানুয়ারি ২০১৭খ্রিঃ তারিখের মাঠ পর্যায়ে জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক অনুষ্ঠিতব্য সরকারের উন্নয়ন মেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্টলে ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্পের কার্যক্রম, ভিডিও চিত্র, আলোকচিত্র ও বায়োগ্যাস প্লান্টের সুবিধাদি এবং ড্যামি বায়োগ্যাস প্লান্ট প্রস্তুতপূর্বক প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারী নির্দেশনার প্রেক্ষিতে জেলা/উপজেলা প্রশাসনের উদ্যোগে আগামী ৯, ১০, ১১ জানুয়ারি ২০১৭খ্রিঃ তারিখে সরকারী উন্নয়ন কার্যক্রম প্রদর্শনের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে “উন্নয়ন মেলা” অনুষ্ঠিত হবে। প্রতি জেলা/উপজেলায় অনুষ্ঠিতব্য উক্ত উন্নয়ন মেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১(এক)টি স্টল থাকবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্টলে জেলা/উপজেলার যুব উন্নয়ন অধিদপ্তরের সকল কার্যক্রম প্রদর্শিত হবে। “উন্নয়ন মেলা” য় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্টলে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায় -১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2) (1st Revised)]- শীর্ষক প্রকল্পের কার্যক্রমের তথ্যাদি, ভিডিও চিত্র, আলোকচিত্র ও বায়োগ্যাস প্লান্টের সুবিধাদি এবং ড্যামি বায়োগ্যাস প্লান্ট প্রস্তুতপূর্বক প্রদর্শনের বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- ০২। এমতাবস্থায়, জেলার উপপরিচালকের সাথে যোগাযোগ করে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৩। গৃহীতব্য ব্যবস্থাদি আগামী ২১-১২-২০১৬খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে ইমেইল : pdimpactphase2dyd@gmail.com -এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৪। বিষয়টি অতীব জরুরী এবং গুরুত্বপূর্ণ।


(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২, ১ম সংশোধিত) প্রকল্প

ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২।

E-mail:pdimpactphase2dyd@gmail.com

প্রাপক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর

-----উপজেলা

----- (সংশ্লিষ্ট) জেলা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর----- (সংশ্লিষ্ট) জেলা।
(এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

- ৪। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,-----উপজেলা, -----জেলা।

(উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের যথাযথ উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

- ৬। অফিস কপি।